ইত্তেফাক

৪।৩।৮৩

021

464

# ময়মনসিংহে হোষ্টেল দখল লইয়া ছাত্র-পুলিশ সংঘর্ষ

বাসস জানায়, ময়মনসিংহ জেলা স্কুল হোষ্টেলের একাংশের দখল লইয়া গত সোমবার ছাত্র ও পুলিশের মধ্যে সংঘর্ষে প্রায় ৬০ জন আহত হয়। আহত ছাত্র, শিক্ষক ও পুলিশকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হইয়াছে।